

তাহের ম.শায়েখ

বাহুরা

---

এ'যে দ্বন্দ্ব ক্ষুদ্র গরল সময়-  
একদিন এরো হবে শেষ,  
রূপালী চাদেঁর নীচে খুজেঁ নেবো নতুন দিন সাহসী সূর্য;  
তারপর দেখা হবে মিলনের বিহ্বলে  
কথা দিলাম.. ।

এ'যে বিরান অসহ্য দিন  
এ'রো হবে শেষ; অতপর চাষাবাস,  
ঘাসঁ-ফুল-নদী: নদী-ফুল-ঘাসঁ  
কথা দিলাম.. ।

রাতভর খুটিঁনাটি, খুনসুঁটি সুখদ্যুতি হাঁটবো প্রভাতের দিকে ফের-  
কথা দিলাম.. ।

বাহুরায় পেলে তোমার শীতল সবুজ প্রবাহন  
কথা দিলাম.. ।